



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
“কৃষি ভবন”
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহা-ব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

“কৃষিই সমৃদ্ধি”


স্মারক নং: ১২.২৭১.০৩৫.০১.০২.১৬৫.২০১১- ৭২৯

তারিখ: ১২ এপ্রিল ২০১৭

বিষয় : আসন্ন মৌসুমে বিএডিসি'র আমন ধানবীজ বিক্রি ত্বরান্বিত করা ও চাষিদেরকে উন্নত বীজ ব্যবহারে অনুপ্রাণনা যোগানোর লক্ষ্যে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহুল প্রচারের জন্য বিষয়বস্তু প্রেরণ।

অল্প কিছুদিনের মধ্যে আমন ধানবীজ বিক্রয় কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বর্তমানে বিক্রির লক্ষ্যে বিভিন্ন শ্রেণি ও বিভিন্ন জাতের প্রায় ১৮,০০০.০০ (আঠার হাজার) মে.টন আমন ধান বীজ বিএডিসি'র সংরক্ষণাগারে মজুদ রয়েছে। চাষিদেরকে উন্নত বীজ ব্যবহারে অনুপ্রাণনা যোগাতে বিভিন্ন মিডিয়া ব্যবহার করে প্রচারণা চালানো অপরিহার্য হয়ে পড়েছে। ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণার লক্ষ্যে এতৎসঙ্গে দু'টি বিষয়বস্তু পাঠানো হলো। ম্যাটারগুলোর প্রচারণার ব্যবস্থা করা হলে চাষিরা উন্নত মানের বীজ ব্যবহারে উদ্বুদ্ধ হবে এবং পাশাপাশি বিএডিসি'র আমন ধানবীজ বিক্রির গতিও ত্বরান্বিত হবে। তাই, বিরাজমান পরিস্থিতি বিবেচনান্তে প্রেরিত ম্যাটারগুলোর বহুল প্রচারণার ব্যবস্থা করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: বর্ণনামোতাবেক ২ (দুই) পাতা।


(নূর মোহাম্মদ মল্লা)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন: ৯৫৫২৩১৭

বিতরণ (কার্যার্থে):

- ১। পরিচালক
কৃষি তথ্য সার্ভিস
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১) সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ২) সম্পাদক/সভাপতি সিড প্রমোশন কমিটি, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

লক্ষ্য করেছেন কি, বিএডিসি'র বীজের গুণাবলি?

গুণাবলি	ধান বীজ		গম বীজ	
	প্রত্যায়িত	মানোঘোষিত	প্রত্যায়িত	মানোঘোষিত
বিশুদ্ধ বীজের শতকরা হার (কমপক্ষে)	৯৬	৯৬	৯৬	৯৬
বীজের আর্দ্রতার শতকরা হার (সর্বোচ্চ)	১২	১২	১২	১২
অংকুরোদগম এর শতকরা হার (কমপক্ষে)	৮০ এর বেশি	৮০ এর বেশি	৮০ এর বেশি	৮০ এর বেশি
বংশগত গুণাগুণ	শতভাগ বিশুদ্ধ	শতভাগ বিশুদ্ধ	শতভাগ বিশুদ্ধ	শতভাগ বিশুদ্ধ

বীজের প্যাকেট ও বীজের রং চকচক করলেই ভাল বীজ হয় না।

বীজের ভিতরের গুণাবলি ও বংশগত গুণাগুণও ভাল হতে হবে।

বিএডিসি'র বীজ মানে অধিক ফলন অধিক লাভ

- ❖ বিএডিসি'র বীজ গজায় তাড়াতাড়ি ।
- ❖ চারা হয় সুস্থ ও সবল এবং বাড়ে তাড়াতাড়ি ।
- ❖ শীষ ও দানা বড় হয় বা ফল বড় হয় ।
- ❖ পোকামাকড় ও রোগের আক্রমণ কম হয় ।
- ❖ বীজের বংশগত গুণাবলি ষোলআনা অটুট থাকে ।
- ❖ সরকারি বীজ তাই অন্যান্যদের তুলনায় মূল্য কম হয় ।

মাদক নিজেকে আর জঙ্গিবাদ সভ্যতাকে ধ্বংস করে